মেয়েটি বিস্মিত হয়ে উঠে পড়ল এবং তার মুখ ঢেকে বলল, 'আল্লাহ আপনাকে রহম করুন! আমার কী হয়েছিল? আমি বললাম, 'আল্লাহর পক্ষ থেকে শান্তি ও আরোগ্য তোমার জন্য। এরপর থেকে সে আর কখনো অসুস্থ হয়নি।

(খাওয়াসসুল কুরআন ৭০)

কারো প্রেমে আসক্ত হলে মুক্তি পাওয়ার রুকইয়াহ

ইবনে কুতাইবা বলেন, আমি ছোটবেলায় একজন সুফি পীরের দিকে তাকালাম এবং তাকে বললাম, "হে পীর সাহেব! আপনি একজন সত্যবাদী ও নাসীহ ব্যক্তি। আপনার যুগে যে ভালোবাসা আপনি দেখেছেন তা আমাদের জানান। কেননা, আপনার যুগ ছিল দীর্ঘ।

তিনি বললেন, ছোটবেলায় আমি এক নারীর দিকে তাকিয়েছিলাম, তারপর আমার মধ্যে এমন কিছু অনুভূতি জন্মেছিল যা একজন মানুষের মনে হতে পারে। আমি সেদিন রাত পর্যন্ত শান্তি পাইনি এবং আমার রাতের ঘুম নষ্ট হয়ে গিয়েছিল। আমি স্বপ্নে এক ব্যক্তি দেখতে পেলাম, যিনি আমাকে বললেন, তুমি এমন কিছু আয়াত দিয়ে নিজেকে রুকইয়াহ করো যা কেবল মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জন্য অবতীর্ণ হয়েছে।

আমি জিজ্ঞেস করলাম, তা কী? তিনি বললেন:

﴿٢٧﴾ يُثَبِّتُ اللّٰهُ الَّذِيْنَ اٰمَنُوْا بِالْقَوْلِ الثَّابِتِ فِى الْحَيٰوةِ الدُّنْيَا وَ فِى الْاٰخِرَةِ ۚ (সূরা ইব্রাহীম ২৭)

وَ لَوْ لَاۤ اَنْ ثَبَّتْنٰكَ لَقَدْ كِدْتَّ تَرْكَنُ اِلَيْهِمْ شَيْـًٔا قَلِيْلًاۗ ﴿٧٤﴾ اِذًا لَّاَذَقْنٰكَ ضِعْفَ الْحَيٰوةِ وَ ضِعْفَ الْمَمَاتِ ثُمَّ لَا تَجِدُ لَكَ عَلَيْنَا نَصِيْرًا ﴿٧٥﴾ (সূরা ইসরাইল ৭৪-৭৫)

يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْۤا اِذَا لَقِيْتُمْ فِئَةً فَاثْبُتُوْا وَ اذْكُرُوا اللّٰهَ كَثِيْرًا لَّعَلَّكُمْ تُفْلِحُوْنَ ۚ ﴿٤٥﴾ (সূরা আনফাল ৪৫)

আমি এই আয়াতগুলো পড়তে শুরু করলাম, এবং যেন আমার উপর থেকে কোনো বাঁধন খুলে গেল অথবা আমি কোনো অন্ধকার থেকে আলোর দিকে চলে আসলাম।

যেভাবে রুকইয়াহটি প্রয়োগ করবেন

যদি কোন ছেলে বা মেয়ে কারো প্রেমে পড়ে এবং তার পরিবার বা সে নিজে যদি চায় এই সমস্যা থেকে মুক্তি পেতে তাহলে উপরের রুকইয়াহটি পাঠ করে রোগীকে শোনাবে এবং পানিতে ফুঁক দিয়ে রোগীকে দিনে দুই বার করে খাওয়াবেন তাহলে সমস্যা কিছু দিনের মধ্যে দূর হয়ে যাবে ইনশাআল্লাহ।

কোন ছেলে বা মেয়ে প্রেমে পড়লে নবীজি (সা.) করতে বলেছেন

ভালোবাসা একটি রোগের মতো, যার বিভিন্ন ধরনের চিকিৎসা রয়েছে। যদি এই ভালোবাসা এমন হয় যে, প্রিয়জনের সাথে বৈধ এবং সঠিক পন্থায় মিলন সম্ভব, তবে সেটাই হলো এর চিকিৎসা। সহীহ বুখারি ও সহীহ মুসলিমে হযরত আবদুল্লাহ ইবনে মাসউদ (রা.) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ ﷺ বলেছেন:

হে যুবক সমাজ! তোমাদের মধ্যে যার সামর্থ্য আছে, সে যেন বিবাহ করে। আর যার সামর্থ্য নেই, সে যেন রোজা রাখে। কারণ রোজা তার জন্য প্রবৃত্তির বাঁধা হিসেবে কাজ করবে।

(সহীহ বুখারি: ১৯০৫

এতে রাসূল ﷺ ভালোবাসার রোগে আক্রান্ত ব্যক্তি (অধিক প্রেমাসক্ত) কে দু'টি চিকিৎসার দিকে নির্দেশ দিয়েছেন:

১. বিবাহ।

২. রোজা।

বিবাহ হলো মূল চিকিৎসা এবং রোজা হলো বিকল্প চিকিৎসা। যতক্ষণ মূল চিকিৎসা সম্ভব, ততক্ষণ বিকল্প চিকিৎসার দিকে ঝোঁকা উচিত নয়।

হযরত ইবনে আব্বাস (রা.) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ ﷺ বলেছেন: দুই প্রেমিকের জন্য বিবাহের মতো উত্তম কিছু নেই। (ইবনে মাজাহ: ১৮৪৭, হাকিম: ২/১৬০)।

জিনে আছর করলে চমৎকার একটি রুকইয়াহ

ইবনে কুতাইবাহ (রহ.) বর্ণনা করেন: বনি তামিমের এক ব্যক্তি আমাকে বললেন, আমার একটি দাস ছিল এবং আমি তাকে খুব ভালোবাসতাম। একদিন তাকে রাতে পাঠালাম চামড়া কিনতে। কিন্তু সে সূর্যাস্তের সময়ে অন্য শিশুদের সাথে খেলতে গেল এবং সেখানে জিনে তাকে আছর করে। তাকে আমার কাছে নিয়ে আসা হলো। আমি তাকে বললাম: হে এই লোক! তুমি আমার সন্তানের সাথে কী করেছ? তখন জিন স্পষ্ট ভাষায় বলল: এটি আমাদের নির্জনতার সময়। তুমি কি জানো না যে রাসূলুল্লাহ ﷺ বলেছেন: সূর্যাস্তের সময়ে তোমাদের সন্তানদের সংরক্ষণ কর?

আমি বললাম: হ্যাঁ, আমি জানি। সে বলল: তাহলে কেন তাকে বাইরে খেলতে পাঠিয়েছিলে?

আমি বললাম: আমি তাকে শুধু চামড়া কেনার জন্য পাঠিয়েছিলাম।

সে বলল: اُخْرُجْ مِنْهُ بِلَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللهِ الْعَلِيِّ الْعَظِيْمِ

তারপর সে চিৎকার করে বলল: আগুন! আগুন! তারপর সে রোগীর শরীর থেকে বের হয়ে গেলো এবং রোগীটি সুস্থ হয়ে গেল।

যেভাবে রুকইয়াহ করা যেতে পারে

(১) ঘর থেকে বের হওয়ার সময় নিম্নের দুআ পাঠ করবে।

بِسْمِ اللَّهِ، تَوَكَّلْتُ عَلَى اللَّهِ، وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ

উচ্চারণ:

বিসমিল্লাহি তাওয়াক্কালতু আলাল্লাহি ওয়ালা হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লা বিল্লাহ।

অর্থ: আল্লাহর নামে (বের হচ্ছি), আমি আল্লাহর উপর নির্ভর করলাম, এবং (আমার) কোন শক্তি বা সামর্থ্য নেই আল্লাহর সাহায্য ছাড়া।

আনাস ইবনে মালিক (রাযি.) থেকে বর্ণিত, তিনি বলেন: রাসুলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন: যে ব্যক্তি ঘর থেকে বের হওয়ার সময় বলে:

بِسْمِ اللَّهِ، تَوَكَّلْتُ عَلَى اللَّهِ، وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ

তখন তাকে বলা হয়, তুমি নিরাপদে থাকবে এবং রক্ষা পাবে। এবং শয়তান তার থেকে দূরে সরে যায়। (আবু দাউদ (৫০৯৫)

অনেক রোগীর শরীরে হাজির হওয়া জিনদের থেকে আমরা এমন কথা শুনি

২০১৫ সালের কথা আমি গওহরডাঙ্গা মাদ্রাসায় ইফতা পড়ি পাশাপাশি মাদ্রসায় যে রোগীগুলো আসে তা আমি দেখতাম কারণ তখন মাদ্রাসায় তেমন কোন রাকী ছিলো না। ফলে এক দিন এক লোক এসেছে তার মেয়ের চিকিৎসার জন্য। জিজ্ঞাসা করলাম কি সমস্যা আপনার মেয়ের? সে বলল হুজুর আমার মেয়ে এই মহিলা শাখায় পড়া-লেখা করে কিছু দিন ধরে আমার মেয়ের জবান বন্ধ হয়ে যায় ফলে কথা বলতে পারে না। তখন খালামনিদের কাছে লেখে দেয় যে, আমি কথা বলতে পারতেছি না আমার বাড়িতে একটু জানান তখন তারা আমাকে খল দিলে আমি হুজুরদের কাছ থেকে পানি পড়াব ঝাড়-ফুঁক দিলে দুই এক দিন পর জবান খুলে যায়। এখন আপনার কাছে আসছি এর একটা স্থায়ী সমাধান চাই। আমি জিন হাজির করার পর তার সাথে কথা বল্লাম যে, তুমি রোগীর কাছে কেনো আচ্ছো? সে বলল সন্ধার সময় রোগী মাথার চুল খুলে মাদ্রাসায় যাচ্ছিল ফলে আমার ওকে দেখে পছন্দ হয় তাই ওর শরীরে হাজির হয়েছি। পরে আমি তাকে শাস্তি দিয়ে রোগীর শরীর থেকে বিদায় করে দেই। এই রুপ আরো বহু রোগীর জিনের সাথে কথা হয়েছে যাদের জিন বাহিরে বের হওয়ার কারণে হয়েছে।

তাই নবীজি (সা.) এর শিখানো রুকইয়াহ এর উপর আমল করে আপনি ঘর থেকে বের হলে আপনাকে জিনে আছর করতে পারবে না ইনশাআল্লাহ।

(২) যে রোগীদের ভিতর থেকে কথা কথা উঠে আসে বা যারা মনে করে যে জিন তাদের ভিতরে বসবাস করে তারা বেশি বেশি لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللهِ الْعَلِيِّ الْعَظِيْمِ পাঠ করলে জিন তার ভিতর থেকে বের হতে বাধ্য হবে ইনশাল্লাহ।

কারণ আবু জাওযা বলেন: যে সত্তার হাতে আমার প্রাণ রয়েছে, সেই আল্লাহর কসম!

'লা হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লা বিল্লাহ' বলার মাধ্যমে শয়তান মানুষের হৃদয় থেকে দূরে সরে যায়। এরপর তিনি কুরআনের একটি আয়াত তিলাওয়াত করেন:

وَ اِذَا ذَكَرْتَ رَبَّكَ فِی الْقُرْاٰنِ وَحْدَهٗ وَلَّوْا عَلٰۤی اَدْبَارِهِمْ نُفُوْرًا﴿۴۶﴾

তুমি যখন তোমার রবের কথা একা উল্লেখ করবে, তখন তারা পিছু হটে যায়। (সূরা ইসরা: ৪৬)

(খাওয়াস্সুল কুরআন ৭২)

لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللهِ الْعَلِيِّ الْعَظِيْمِ এর একটি চমৎকার রুকইয়াহ

আবু বকর সিদ্দিক (রা.) থেকে বর্ণিত, তিনি বলেছেন, রাসূলুল্লাহ ﷺ বলেছেন: আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা বলেন, তোমার উম্মতকে বলে দাও, তারা যেন সকালবেলা দশবার, সন্ধ্যাবেলা দশবার এবং ঘুমানোর সময় দশবার لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللهِ الْعَلِيِّ الْعَظِيْمِ (আল্লাহ ছাড়া কোনো ক্ষমতা বা শক্তি নেই) পড়ে। এতে তাদের উপর থেকে পৃথিবীর বিপদ দূর হবে, ঘুমানোর সময় শয়তানের কুমন্ত্রণার হাত থেকে রক্ষা পাবে সন্ধ্যাবেলা এবং সকালে আমার প্রবল রোষ থেকে মুক্ত থাকবে। (সূত্র: আল-দেইলামি ফিল ফিরদাউস, ৫/২৪৮)

ইফরিত জিন থেকেও মুক্তি পাবে আয়াতুল কুরছির রুকইয়াহ দ্বারা

ইবনে কুতাইবা বর্ণনা করেছেন: একবার কা'য়াব গোত্রের এক শায়েখ আমাকে বললেন, আমি খেজুর বিক্রি করার জন্য বসরায় গিয়েছিলাম। সেখানে থাকার জন্য কোনো বাসস্থান খুঁজে পাইনি। অবশেষে একটি বাড়ি পেলাম, যার দরজায় মাকড়সার জাল বিস্তৃত ছিল। আমি লোকদের জিজ্ঞেস করলাম, এ বাড়ির কী অবস্থা? তারা বলল, এটি পরিত্যক্ত। আমি বললাম, তাহলে এর মালিক কোথায়? তারা বলল, এই তো সামনে। আমি মালিকের কাছে গিয়ে বললাম, আপনার বাড়ি ভাড়া দেবেন? তিনি বললেন, যাও নিজের কষ্ট বাড়িয়ো না। ওই বাড়িতে এক জিন বাস করে। সে সেখানে যে কাউকে আটকিয়ে রাখে এবং ধ্বংস করে দেয়।

আমি বললাম, আপনার বাড়ি আমাকে ভাড়া দিন। আমি সেখানে থাকব। আল্লাহ আমাদের সাহায্য করবেন। তিনি রাজি হলেন। বাড়িটি ভাড়া নিয়ে আমি সেখানে উঠলাম। রাত হল। তখন একটি অন্ধকারের মতো কালো আকৃতির জিন আমার কাছে আসল। তার চোখ দুটো যেন আগুনের শিখার মতো। সে ধীরে ধীরে আমার দিকে এগিয়ে আসছিল। তার চলার শব্দ ছিল গা শিউরে ওঠার মতো। আমি তখন পড়া শুরু করলাম:

اللَّهُ لَا إِلَهَ إِلَّا هُوَ الحَيُّ القَيُّومُ لَا تَأْخُذُهُ سِنَةٌ وَلَا نَوْمٌ لَهُ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ (আয়াতুল কুরসি)।

আমি যখনই তাকে আয়াতটি পড়ে শুনাচ্ছিলাম, সে একই আয়াত পাঠ করছিল। তবে যখন আমি পড়লাম: وَلَا يَئُودُهُ حِفْظُهُمَا وَهُوَ العَلِيُّ العَظِيم (আয়াতুল কুরসির শেষাংশ)

সে চুপ হয়ে গেল এবং আর আমার কাছে আসতে পারল না। আমি বারবার এটি পড়তে থাকলাম। অবশেষে সেই কালো অন্ধকারটি সম্পূর্ণরূপে চলে গেল। আমি ঘরের এক কোণে আশ্রয় নিয়েছিলাম এবং ঘুমিয়ে পড়েছিলাম। এরপর ঘুম থেকে জেগে দেখি সেই জায়গায় যেখানে আমি আশ্রয় নিয়েছিলাম, সেখানে আগুন লেগেছে এবং চারপাশে ছাই পড়ে রয়েছে। পরে স্বপ্নে একজনকে দেখলাম, তিনি আমাকে বললেন: তুমি এক বিশাল আফরিতকে পুড়িয়ে দিয়েছ। আমি বললাম, আমি কীভাবে তাকে পুড়িয়ে দিলাম? তিনি বললেন, আল্লাহ তাআলার বাণী: 'ولا يَئُودُهُ حِفْظُهُمَا وَهُوَ العَلِيُّ العَظِيمُ' (সুরা বাকারা, আয়াত: ২৫৫) পাঠ করার মাধ্যমে। (اكام المرجان في حكام المرجان)

যা বুঝে আসছে

রোগীর শরীরের জিন যতো শক্তিশালিই হোক তাকে দূর্বল করার জন্য আয়াতুল কুরছি বার বার পাঠ করে রোগীকে শোনাতে থাকলে জিন রোগীর শরীর থেকে চলে যেতে বাধ্য হবে না হলে জ্বলে যাবে ইনশাআল্লাহ।

মানুষের ঘর থেকে জিন তাড়ানোর রুকইয়াহ

কখনো কখনো জিনেরা মানুষের ঘরে অবস্থান করে এবং তাদের জন্য নানা সমস্যার সৃষ্টি করে। এই পরিস্থিতিতে প্রথমেই তাদের সতর্ক করার পরামর্শ দেওয়া হয়েছে। হাদিসে বলা হয়েছে: নিঃসন্দেহে এই বাড়িগুলোতে জিনেরা বাস করে। তোমরা যদি তাদের উপস্থিতি

অনুভব করো, তাহলে তিনবার তাদের বের হয়ে যাওয়ার নির্দেশ দাও। (সহীহ মুসলিম: ২২৩৬)

কি বলে জিনদেরকে বাড়ি থেকে বের হয়ে যাওয়ার নির্দেশ দিবে

(১) একটি দুর্বল হাদিসে এসেছে, যেখানে বলা হয়েছে যে তাদের বলা যেতে পারে: আমরা তোমাদের নুহ (আ.) ও সোলায়মান ইবনে দাউদ (আ.)-এর চুক্তির মাধ্যমে অনুরোধ করছি, আমাদের ক্ষতি করো না। (আবু দাউদ: ৫২৬০; তিরমিজি: ১৪৮৫; বাগাবি: ১৯৪/১২)

(২) ইবনে হাবিব বলেন, নবী (সা.) বলেছেন: আমি তোমাদের সোলায়মান ইবনে দাউদ (আ.)-এর চুক্তির কসম দিচ্ছি, আমাদের ক্ষতি করো না এবং আমাদের সামনে উপস্থিত হয়ো না।

(৩) ইমাম মালেক বলেন, তিনবার বলতে হবে: আমি আল্লাহ ও পরকালের শপথ করে বলছি, আমাদের সামনে উপস্থিত হয়ো না এবং আমাদের ক্ষতি করো না।

(শরহুন নববী: ২৩৩/১৪)

এ বিষয়ে আরো তথ্য দেখতে পারেন: ইবনুল আরাবির 'আহকামুল কুরআন' (১৮৬৬/৪)

নির্দেশ দেওয়ার পরে যা করতে হবে

(১) এরপর ঘরে সুরা বাকারা পড়বে। হাদিসে এসেছে: তোমাদের ঘরগুলোকে কবরস্থানে পরিণত করো না। যে ঘরে সুরা বাকারা পাঠ করা হয়, সেখানে শয়তান প্রবেশ করতে পারে না। (সহীহ মুসলিম: ৭৮০; তিরমিজি: ২৮৭৭; আহমদ: ২৮৪/২, ৩৩৭, ৩৭৮, ৩৮৮)

(২) বারবার আয়াতুল কুরসি পাঠ করার মাধ্যমে জিনকে ঘর থেকে তাড়িয়ে দিবে।
(মুস্তাদরাক লিল হাকেম: ২৫৯/২)

(৩) ঘরে আযান দিবে।

হাদিসে বলা হয়েছে: যখন মুয়াজ্জিন আযান দেন, তখন শয়তান পিছু হটে যায় এবং এমন শব্দ করে যেন তার পেট থেকে আওয়াজ বের হয়, যাতে সে আযানের শব্দ শুনতে না পারে।

(সহীহ বুখারি: ৫১৬; নাসাঈ: ২১/২-২২; মালেক: ৬৯; আহমদ: ৩১৩/২, ৪৬০)

ইবন আবি দুনিয়া তার 'ইসরাফ ফি মানাজিলুল আশরাফ' (৪৩৭) গ্রন্থে একটি ঘটনা উল্লেখ করেন: যখন জায়েদ ইবনে আসলাম বনী সুলাইম অঞ্চলের দায়িত্ব গ্রহণ করেন, তখন সেখানকার লোকেরা জিনদের বিরক্তিকর কার্যকলাপ সম্পর্কে অভিযোগ করে। তিনি তাদের ঘনঘন আযান দিতে বলেন। এর ফলে তারা আর জিনদের কোনো উৎপাত দেখতে পেত না।

রাতে ঘুমালে যারা চিৎকার করে এবং ঘুমে যাদের জিনের সমস্যা হয় তাদের জন্য রুকইয়াহ

ইবনে কুতাইবা বর্ণনা করেন: একজন মিশরীয় শায়েখ আমাকে বলেছিলেন যে, আমি আরবদের একটি গোত্রে অতিথি ছিলাম। তারা আমাকে খুব সম্মানজনকভাবে আপ্যায়ন করেছিল। রাতে যখন তাদের এক ব্যক্তি বিছানায় শুয়ে পড়ল, সে চিৎকার করে উঠল, পরে উঠে দাঁড়িয়ে পড়ল এবং মাটিতে পড়ে গেল। আমি তার পরিবারের লোকদের জিজ্ঞেস করলাম: এর কী হয়েছে? তারা বলল: এটাই তার অবস্থা যখন সে ঘুমায়। তখন আমার মনে হলো তাকে কুরআনের একটি আয়াত পড়ে শুনাই:

﴿إِنَّ رَبَّكُمُ اللَّهُ الَّذِي خَلَقَ السَّمَاوَاتِ وَالأَرْضَ فِي سِتَّةِ أَيَّامٍ ثُمَّ اسْتَوَى عَلَى الْعَرْشِ يُغْشِي اللَّيْلَ النَّهَارَ يَطْلُبُهُ حَثِيثًا...﴾ (সূরা আল-আ'রাফ, আয়াত ৫৪)

এই আয়াত পড়ার পর সেই ব্যক্তি সুস্থ বোধ করল এবং আর কখনো তার ওই অবস্থা হয় নাই।

এই আয়াতের ফজিলত

(১) ইবনু আবী হাতিম কা'ব ইবনু উজরাহ (রাঃ) থেকে বর্ণনা করেন: যখন এই আয়াত নাযিল হলো, একটি বিশাল কাফেলা দেখা দিলো, যাদের মনে হচ্ছিল তারা আরবের লোক। তারা জিজ্ঞাসা করল: তোমরা কারা? তারা বলল: আমরা জিন। আমরা মদীনা থেকে বের হয়ে এসেছি। আমাদেরকে এই আয়াত বের করে দিয়েছে।

(সূত্র: الدر المنثور (٣/٩١), لقط المرجان (পৃ. ১০৮)

(২) তাফসীরে আবু শাইখ-এ এসেছে: যে ব্যক্তি ঘুমানোর সময় আল্লাহ তাআলার এই বাণী وإن ربكم الله الذي خلق السموات والأرض (আরাফ: ৫৪) তিলাওয়াত করবে, তার উপর একটি ফেরেশতা তার পাখা মেলে রাখবে সকাল পর্যন্ত এবং চুরি থেকে নিরাপদ থাকবে।

(সূত্র: الدر المنثور (٣/٩١), لقط المرجان (পৃ. ১০৯)

রুকইয়াহটি যেভাবে করবে

যাদের রাতে জিনের সমস্যা হয় তারা অবশ্যই আয়াতটি মুখস্ত করে নিবে এবং রাতে পাঠ করে ঘুমাবে। তাহলে আশা করা যায় তাদের জিনের সমস্যা দুর হয়ে যাবে ইনশাআল্লাহ।

যারা নিজেরা পাঠ করে তেমন ফায়দা পাচ্ছেন না। তারা একজন রাকীর মাধ্যমে রেকর্ড করিয়ে প্রতিদিন রাতে ৫ থেকে ১০ মিনিট শুনে ঘুমাবে ইনশাআল্লাহ তার সমস্যা দূর হয়ে যাবে।

যে রুকইয়াহ দ্বারা রাক্বী নিজের হিসার করবে

(১) আব্দুল্লাহ ইবনে উমর (রাযি.) থেকে বর্ণিত আছে যে, তিনি যখন সকাল হতো এবং সূর্য উদিত হতো, তখন বলতেন:

طَلَعَتِ الشَّمْسُ بِإِذْنِ اللَّهِ، وَانْتَشَرَ خَلْقُ اللَّهِ وَلَا إِلٰهَ إِلَّا اللَّهُ رَبُّنَا رَبُّ السَّمٰوَاتِ وَالْأَرْضِ،لَنْ تَدْعُوَ مِنْ دُونِهِ إِلٰهًا، لَقَدْ قُلْنَا إِذًا شَطَطًا

বাংলা উচ্চারণ:

তালাআতিশ শামসু বি ইযনিল্লাহি, ওয়ানতাশারা খলকুল্লাহি, ওয়া লা ইলাহা ইল্লাল্লাহু রব্বুনা, রব্বুস সামাওয়াতি ওয়াল আরদি,লান তাদ'উ মিং দুনিহি ইলাহান, লাক্বদ কুলনা ইযান শাতটা

যে ব্যক্তি প্রতিদিন সূর্যোদয়ের সময় এই কথাগুলো বলবে, সে তার দিনটিতে আশঙ্কাজনক সবকিছু থেকে নিরাপদ থাকবে এবং সে দিন তার জন্য বরকতপূর্ণ হবে।

(২) আমাদের সম্মানিত শাইখ ইমাম আল-কাইয়াল (রহ.) এই দোয়াটি বলতেন এবং এর শেষে আরও যোগ করতেন:

اللَّهُمَّ إِنِّي عَبْدُكَ، وَهَذَا اليَوْمُ خَلْقٌ مِنْ خَلْقِكَ، فَاكْفِنَا شَرَّ خَلْقِكَ أَجْمَعِينَ

উচ্চারণ:

আল্লাহুম্মা ইন্নী আবদুকা, ওয়া হাযাল ইয়াওমু খালকুম মিন খালকিকা, ফাকফিনা শার্‌রা খালকিকা আজমাঈন।

এবং সূরা নাস,

قُلْ اَعُوْذُ بِرَبِّ النَّاسِۙ﴿۱﴾ مَلِكِ النَّاسِۙ﴿۲﴾ اِلٰهِ النَّاسِۙ﴿۳﴾ مِنْ شَرِّ الْوَسْوَاسِۙ الْخَنَّاسِۙ﴿۴﴾ الَّذِیْ یُوَسْوِسُ فِیْ صُدُوْرِ النَّاسِۙ﴿۵﴾ مِنَ الْجِنَّةِ وَ النَّاسِ﴿۶﴾

(খাওয়াস্সুল কুরআন ৭৮)

যে কোন রোগের জন্য কুরআনের বিশেষ রুকইয়াহ

বর্ণিত আছে যে, বাগদাদে এক ব্যক্তি ছিলেন যাকে রাকী বলা হতো, এবং তিনি বিভিন্ন রোগের চিকিৎসা করতেন। একদিন তাকে এক ব্যক্তি প্রশ্ন করলেন: আপনি কি এর সম্পর্কে কিছু জানেন? কারণ আমি আপনার হাতে অনেক ধরণের রোগীকে সুস্থ্য হতে দেখেছি।

রাকী উত্তর দিলেন: রুকইয়াহ একটাই, আর সুস্থতাদাতা আল্লাহ তাআলা। তারপর তিনি বললেন: তুমি কুরআন থেকে এই আয়াতটি পড়ো:

وَنُنَزِّلُ مِنَ الْقُرْآنِ مَا هُوَ شِفَاءٌ وَرَحْمَةٌ لِّلْمُؤْمِنِينَ

অর্থ: এবং আমরা কুরআন থেকে এমন কিছু নামিয়েছি যা মুমিনদের জন্য নিরাময় এবং রহমত।

প্রশ্নকারী রাকীকে বললেন, এর থেকে ভালো কিছু কি আপনার কাছে আছে? তারপর ঐ ব্যক্তি মারা যান, এবং সেই লোকটি রাকীকে স্বপ্নে দেখতে পেলেন। তিনি তাকে বললেন: "আল্লাহ তোমার সাথে কী করেছেন? সে উত্তর দিল: আল্লাহ আমাকে ক্ষমা করেছেন, কারণ আমি কুরআনকে সম্মান দিয়েছিলাম। (খাওয়াস্সুল কুরআন ৮১)

রুকইয়াহ যেভাবে করবে

যে সমস্ত রোগী কোন ভাবেই সুস্থ হচ্ছে না, তাহেল তাদের জন্য এই আয়াত এখলাসের সাথে পাঠ করে পানিতে ফুঁক দিয়ে খাওয়াবে এবং এই আয়াত পাঠ করে রোগীর শরীরে ফুঁক দিবে এবং রেকর্ড করে দিবে রোগী বার বার শুনতে থাকবে তাহলে সমস্যা সমাধান হবে ইনশাআল্লাহ।

প্যারালাইসিস রোগের জন্য রুকইয়াহ

ইবন কুতাইবা (রহ.) বলেছেন: আমি একদল লোকের সাথে হজ্জে গিয়েছিলাম, তাদের মধ্যে একজন প্যারালাইসিস রোগী ছিল। আমি তাকে দেখলাম কাবা ঘরের চারপাশে চলাফেরা করছে, কিন্তু সে প্যারালাইসিসে শিকার ছিল না। আমি তাকে বললাম: "আল্লাহ তোমাকে রহমত করুন, কীভাবে তোমার রোগ সেরে গেছে, আর তুমি প্যারালাইসিস থেকে কিভাবে সুস্থ হলে? সে বলল: আমি যমযমের কূপে গিয়েছিলাম এবং তার পানি থেকে কিছু গ্রহণ করেছিলাম। তারপর আমি একটি কলম দিয়ে লিখলাম

هُوَ اللّٰهُ الَّذِیْ لَاۤ اِلٰهَ اِلَّا هُوَ ۚ عٰلِمُ الْغَیْبِ وَ الشَّهَادَةِ ۚ هُوَ الرَّحْمٰنُ الرَّحِیْمُ﴿۲۲﴾ هُوَ اللّٰهُ الَّذِیْ لَاۤ اِلٰهَ اِلَّا هُوَ ۚ اَلْمَلِكُ الْقُدُّوْسُ السَّلٰمُ الْمُؤْمِنُ الْمُهَیْمِنُ الْعَزِیْزُ الْجَبَّارُ الْمُتَكَبِّرُ ؕ سُبْحٰنَ اللّٰهِ عَمَّا یُشْرِكُوْنَ﴿۲۳﴾ هُوَ اللّٰهُ الْخَالِقُ الْبَارِئُ الْمُصَوِّرُ لَهُ الْاَسْمَآءُ الْحُسْنٰى ؕ یُسَبِّحُ لَهٗ مَا فِی السَّمٰوٰتِ وَ الْاَرْضِ ۚ وَ هُوَ الْعَزِیْزُ الْحَكِیْمُ﴿۲۴﴾

وَنُنَزِّلُ مِنَ الْقُرْآنِ مَا هُوَ شِفَاءٌ وَرَحْمَةٌ لِّلْمُؤْمِنِينَ

এরপরে বল্লাম হে আল্লাহ আপনার নবী মুহাম্মাদ (সা.) বলেছেন, যে উদ্দেশ্যে যমযমের পানি পান করা হয় তা পূর্ণ হয়। আর কুরআন আপনার কথা আমাকে সুস্থ করুন আপনার দয়ায়। তারপর আমি এই লেখা যমযমের পানিতে মিশিয়ে পান করি ফলে আমার হাত ও পায়ের ব্যথা দূর হয় এবং আমি প্যারালাইসিস থেকে মুক্তি পাই। (খাওয়াস্সুল কুরআন ৮৩-৮৪)

যেভাবে রুকইয়াহ করবে

আমার বুঝে আসছে যে, যদি কেই এখলাসের সাথে উপরের আয়াতগুলো জাফরান কালী দিয়ে লিখে যমযমের পানিতে ভিজিয়ে দিনে দুই বার করে পান করতে তাহলে আশা করা যায় অতিদ্রুত তার প্যারালাইসিস সমস্যা সমাধান হবে ইনশাআল্লাহ।

শরীরের মধ্যে পোকার হাটা চলা অনুভন হলে বা কানে পোকা গেলে রুকইয়াহ

ইমাম গাজ্জালী (রহ.) তার কিতাব খাওয়াস্সুল কুরআনের ৮৪ নাম্বার পৃষ্টায় উল্লেখ করেছেন, একজন আরব শায়েখ আমাকে বললেন: আমি এক রাতে হেরেম শরীফে ছিলাম, হঠাৎ একটি টিক (قراد) আমার কানে প্রবেশ করল এবং তা নাড়া দিতে থাকল, ফলে আমার মস্তিষ্ক বিভ্রান্ত হয়ে গেল, এবং আমি অজ্ঞান হয়ে পড়লাম। তখন একজন বিদেশী ব্যক্তি কাছে এসে বসলেন এবং আমাকে প্রশ্ন করলেন: আপনার কি সমস্যা? আমি তাকে ঘটনা বললাম, তখন তিনি বললেন: আমাকে যমযমের পানি (زمزم) এনে দিন। আমি তা নিয়ে এসে তাকে দিলাম। তিনি তার উপর সূরা আলে ইমরান এর দশটি আয়াত পড়লেন এবং সূরা

হাশরের শেষ তিন আয়াত পাঠ করে তাতে ফুঁক দিয়ে আমাকে পান করার নির্দেশ দিলেন, আমি তা পান করলাম। পানি আমার পেটে পৌঁছানোর সাথে সাথে টিকটি আমার কানে থেকে বের হয়ে গেল, তারপর আমি তা মেরে ফেললাম এবং ওই ব্যক্তিকে খুঁজে বের করতে চাইলাম, কিন্তু তাকে আর খুঁজে পাইনি।

আমি রাকী হিসাবে যা বুঝেছি

এটা যদিও হঠাৎ কানে একটা পোকা প্রবেশের ঘটনা কিন্তু আমি মনে করি যে সমস্ত রোগীদের শরীরে জিন পোকার মত হাটা চলা করে বহু চিকিৎসা করে কোন উপকার হয় নাই তারাও যদি এই রুকইয়াহ পাঠ করে যমযমের পানিতে ফুঁক দিয়ে তা খেতে থাকে আমি আল্লাহ তা'য়ালার কাছে আশাবাদি জিন ঐ রোগীর শরীর থেকে বের হয়ে যাবে ইনশাল্লাহ।

রুকইয়াহটি এই

الٓمّٓ ﴿١﴾ اللّٰهُ لَاۤ اِلٰهَ اِلَّا هُوَ ۙ الۡحَیُّ الۡقَیُّوۡمُ ﴿٢﴾ نَزَّلَ عَلَیۡکَ الۡکِتٰبَ بِالۡحَقِّ مُصَدِّقًا لِّمَا بَیۡنَ یَدَیۡهِ وَ اَنۡزَلَ التَّوۡرٰىةَ وَ الۡاِنۡجِیۡلَ ۚ﴿٣﴾ مِنۡ قَبۡلُ هُدًی لِّلنَّاسِ وَ اَنۡزَلَ الۡفُرۡقَانَ ؕ اِنَّ الَّذِیۡنَ کَفَرُوۡا بِاٰیٰتِ اللّٰهِ لَهُمۡ عَذَابٌ شَدِیۡدٌ ؕ وَ اللّٰهُ عَزِیۡزٌ ذُو انۡتِقَامٍ ﴿٤﴾ اِنَّ اللّٰهَ لَا یَخۡفٰی عَلَیۡهِ شَیۡءٌ فِی الۡاَرۡضِ وَ لَا فِی السَّمَآءِ ؕ﴿٥﴾ هُوَ الَّذِیۡ یُصَوِّرُکُمۡ فِی الۡاَرۡحَامِ کَیۡفَ یَشَآءُ ؕ لَاۤ اِلٰهَ اِلَّا هُوَ الۡعَزِیۡزُ الۡحَکِیۡمُ ﴿٦﴾ هُوَ الَّذِیۡۤ اَنۡزَلَ عَلَیۡکَ الۡکِتٰبَ مِنۡهُ اٰیٰتٌ مُّحۡکَمٰتٌ هُنَّ اُمُّ الۡکِتٰبِ وَ اُخَرُ مُتَشٰبِهٰتٌ ؕ فَاَمَّا الَّذِیۡنَ فِیۡ قُلُوۡبِهِمۡ زَیۡغٌ فَیَتَّبِعُوۡنَ مَا تَشَابَهَ مِنۡهُ ابۡتِغَآءَ الۡفِتۡنَةِ وَ ابۡتِغَآءَ تَاۡوِیۡلِهٖ ۚ وَ مَا یَعۡلَمُ تَاۡوِیۡلَهٗۤ اِلَّا اللّٰهُ ۘ وَ الرّٰسِخُوۡنَ فِی الۡعِلۡمِ یَقُوۡلُوۡنَ اٰمَنَّا بِهٖ ۙ کُلٌّ مِّنۡ عِنۡدِ رَبِّنَا ۚ وَ مَا یَذَّکَّرُ اِلَّاۤ اُولُوا الۡاَلۡبَابِ ﴿٧﴾ رَبَّنَا لَا تُزِغۡ قُلُوۡبَنَا بَعۡدَ اِذۡ هَدَیۡتَنَا وَ هَبۡ لَنَا مِنۡ لَّدُنۡکَ رَحۡمَةً ۚ اِنَّکَ اَنۡتَ الۡوَهَّابُ ﴿٨﴾ رَبَّنَاۤ اِنَّکَ جَامِعُ النَّاسِ لِیَوۡمٍ لَّا رَیۡبَ فِیۡهِ ؕ اِنَّ اللّٰهَ لَا یُخۡلِفُ الۡمِیۡعَادَ ﴿٩﴾

(সূরা আলে ইমরান ১-১০)

هُوَ اللّٰهُ الَّذِیۡ لَاۤ اِلٰهَ اِلَّا هُوَ ۚ عٰلِمُ الۡغَیۡبِ وَ الشَّهَادَةِ ۚ هُوَ الرَّحۡمٰنُ الرَّحِیۡمُ ﴿٢٢﴾ هُوَ اللّٰهُ الَّذِیۡ لَاۤ اِلٰهَ اِلَّا هُوَ ۚ اَلۡمَلِکُ الۡقُدُّوۡسُ السَّلٰمُ الۡمُؤۡمِنُ الۡمُهَیۡمِنُ الۡعَزِیۡزُ الۡجَبَّارُ الۡمُتَکَبِّرُ ؕ سُبۡحٰنَ اللّٰهِ عَمَّا یُشۡرِکُوۡنَ ﴿٢٣﴾ هُوَ اللّٰهُ الۡخَالِقُ الۡبَارِئُ الۡمُصَوِّرُ لَهُ الۡاَسۡمَآءُ الۡحُسۡنٰی ؕ یُسَبِّحُ لَهٗ مَا فِی السَّمٰوٰتِ وَ الۡاَرۡضِ ۚ وَ هُوَ الۡعَزِیۡزُ الۡحَکِیۡمُ ﴿٢٤﴾

(সূরা হাশর ২২-২৪)

কুষ্ঠরোগ দূর করার রুকইয়াহ

কালবী (রহ.) (الكلبي) বলেন: আমি এক ব্যক্তির পাশে বসে ছিলাম, যার চেহারা সুন্দর এবং দীপ্তিময় ছিল। আমি তাকে জিজ্ঞাসা করলাম, কীভাবে তিনি অন্যদের থেকে এই বিশেষ গুণ

অর্জন করেছেন। তিনি বললেন: আমি একসময় কুষ্ঠরোগে (برص) আক্রান্ত ছিলাম। নিজের এই অবস্থাকে ঘৃণা করতাম এবং কারো সঙ্গে মিশতে চাইতাম না।

একদিন আমি দেখলাম, এক ব্যক্তির কাছে লোকজন দলে দলে আসছে। আমি জিজ্ঞাসা করলাম: এ ব্যক্তি কে? তারা বলল: এই সেই দীর্ঘজীবী সাহাবী, যিনি সেই চাবুক রাসূলুল্লাহ ﷺ এর জন্য তুলে দিয়েছিলেন যখন তা পড়ে গিয়েছিল। তখন রাসূল ﷺ তাকে বলেছিলেন:

তুমি তোমার হাত প্রসারিত করো, আল্লাহ তোমার আয়ু দীর্ঘ করুন।

আমি তার কাছে গেলাম এবং বললাম: হে রাসূলুল্লাহ ﷺ এর সাহাবী! দেখুন আমার কী অবস্থা। আমাকে রুকইয়াহ (ঝাড়ফুঁক) করুন। সাহাবী তখন এই আয়াত পড়লেন:

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ، اَنِّیْ قَدْ جِئْتُكُمْ بِاٰیَةٍ مِّنْ رَّبِّكُمْ ۙ اَنِّیْۤ اَخْلُقُ لَكُمْ مِّنَ الطِّیْنِ كَهَیْـَٔةِ الطَّیْرِ فَاَنْفُخُ فِیْهِ فَیَكُوْنُ طَیْرًۢا بِاِذْنِ اللّٰهِ ۚ وَ اُبْرِئُ الْاَكْمَهَ وَ الْاَبْرَصَ وَ اُحْیِ الْمَوْتٰى بِاِذْنِ اللّٰهِ ۚ وَ اُنَبِّئُكُمْ بِمَا تَاْكُلُوْنَ وَ مَا تَدَّخِرُوْنَ ۙ فِیْ بُیُوْتِكُمْ ؕ اِنَّ فِیْ ذٰلِكَ لَاٰیَةً لَّكُمْ اِنْ كُنْتُمْ مُّؤْمِنِیْنَ ۚ﴿۴۹﴾

(সুরা আলে ইমরান, আয়াত ৪৯)

এরপর সাহাবী আমাকে বললেন: তোমার মুখ খুলো। আমি মুখ খুললাম। তিনি তাতে থুথু দিলেন, আর আমার ত্বক উঠতে লাগল এবং আল্লাহ তা'আলা আমাকে নতুন, সুন্দর ত্বক দান করলেন।

আয়াতের অর্থ:

আমি তোমাদের কাছে তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে এক নিদর্শন নিয়ে এসেছি। আমি মাটি দিয়ে পাখির মতো একটি আকৃতি তৈরি করি, তারপর তাতে ফুঁ দিলে, তা আল্লাহর ইচ্ছায় একটি জীবন্ত পাখি হয়ে যায়। আর আমি জন্মান্ধকে সুস্থ করি এবং কুষ্ঠরোগীকে আরোগ্য দান করি। আর আল্লাহর অনুমতিক্রমে মৃতকে জীবিত করি। আমি তোমাদেরকে তোমাদের ঘরে যা খাও এবং যা জমা রাখো, তা জানিয়ে দেই। নিঃসন্দেহে এগুলোতে তোমাদের জন্য একটি নিদর্শন রয়েছে, যদি তোমরা বিশ্বাসী হও।

চর্মরোগের রুকইয়াহ

ইবনে কুতাইবার বর্ণনা অনুযায়ী, এক ব্যক্তি চর্মরোগ আক্রান্ত হয়েছিলেন, যার ফলে তার চামড়া খোসা খোসা হয়ে যাচ্ছিল। তিনি দীর্ঘদিন ধরে বিভিন্ন চিকিৎসা করলেও তাতে

কোনো ফল হচ্ছিল না। একদিন তিনি একটি কাফেলার সঙ্গে হিজাজের দিকে রওনা হলেন, কিন্তু পথিমধ্যে দুর্বলতার কারণে তিনি কাফেলা থেকে পিছিয়ে পড়েন এবং কুফার নিকটবর্তী একটি মরুভূমিতে বসে পড়েন। তিনি একটি স্থানে আশ্রয় নিলেন, যা কথিত ছিল যে, সেখানে হযরত আলী (রা.)-এর কবর রয়েছে। সেই রাতে তিনি স্বপ্নে হযরত আলী (রা.)-কে দেখেন। তিনি বললেন, হে আমীরুল মুমিনীন! আপনি কি আমার অবস্থা দেখছেন না? আমাকে রুকইয়াহ করুণ।

হযরত আলী (রা.) বললেন, فَكَسَوْنَا الْعِظٰمَ لَحْمًا ثُمَّ اَنْشَاْنٰهُ خَلْقًا اٰخَرَ ؕ فَتَبٰرَكَ اللّٰهُ اَحْسَنُ الْخٰلِقِيْنَ ؕ﴿۱۴﴾ (সূরা মুমিনুন: ১৪)।

এরপর লোকটি সকালে ঘুম থেকে উঠে দেখলেন, তার শরীরে একটি নতুন ও সুস্থ ত্বক গজিয়েছে। এরপর তিনি সেখানে অবস্থান করতে লাগলেন এবং সেই মাকামের পাহারাদার হিসেবে জীবন কাটালেন, অবশেষে সেখানেই মৃত্যুবরণ করেন। (খাওয়াস্সুল কুরআন ৮৫)

যে ভাবে রুকইয়াহ করবে

এই আয়াদটি এখলাসের সাথে পাঠ করে পানিতে ফুঁক দিয়ে দিনে দুই বার করে খেতে বলবে এবং রোগীর শরীরে ফুঁক দিবে এভাবে আমল চলতে থাকলে কিছু দিনের মধ্যেই রোগী সুস্থ হয়ে যাবে ইনশাআল্লাহ।

এ বিষয়ে আমার এক রোগীর ঘটনা

এক ভাই প্রবাসে থাকে বাড়ি মাদারীপুর সে আমাকে কল করে বললেন যে, হুজুর আপনি একটু কষ্ট করে আমাদের বাড়িতে যান আমার স্ত্রীর সমস্যা আমার বড় ভাই আপনার সাথে যোগাযোগ করবে অনেক অনুরোধ করার পরে রাজি হলাম। গেলাম তাদের বাড়িতে রোগী শোনালো যে, তার সমস্ত শরীরে চর্মরোগ হয়েছে। সে এই সমস্যার কারণে ঢাকাতে বড় বড় যতো চর্মরোগের ডাক্টার আছে সব দেখিয়েছে কিন্তু কোন উপকার হচ্ছে না আরো দিনে দিনে বেড়ে চলেছে। সে তার হাত আমাকে দেখালো কি এক ভয়ানক অবস্থা দেখার মতো না। আমি আমলিয়াতে কাশমিরী থেকে উপরের ঐ আয়াতটি পাই এখলাসের সাথে আয়াতটি পাঠ করে পানিতে ফুঁক দিয়ে দুই বার করে খাওয়ার জন্য বলি কিছু দিন পর সে আমাকে কল করে বলে হুজুর আল-হামদুলিল্লাহ সমস্যা দূর হয়ে গেছে। আজ বই লেখার জন্য এই আয়াতের ঘটনাটি দেখে আমার সেই রোগীর ঘটনাটি মনে পড়লো তাই আপনারকে জানালাম।

দরিদ্রতা থেকে মুক্তি পাওয়ার রুকইয়াহ

ইমাম গাজ্জালী (রহ.) বর্ণনা করেছেন, হযরত উসমান বিন আফফান (রা.) তাঁর অসুস্থতার সময় একজন সাহাবিরে কিছু অর্থ দিতে চাইলেন, কিন্তু তিনি তা গ্রহণ করতে অস্বীকৃতি জানান। এরপর উসমান (রা.) বললেন, তাহলে এটি তোমার কন্যাদের জন্য রেখে দাও।" সাহাবি জবাবে বললেন, যে কন্যারা সূরা আল-ওয়াকিয়া এবং সূরা আল-ফাতিহা মুখস্থ করবে, তাদের জন্য এটি সম্পদের চেয়েও বড় সম্পদ।

যেভাবে রুকইয়াহ করবেন

আমরা অনেকেই ঋণের কারণে পেরেশানিতে থাকে সামনে কোন রাস্তা খুলা পায় না আবার অনেকে দারিদ্রতা দূর করার জন্য সব সময় চিন্তা করতে থাকে কিন্তু কি করবে তা আর খুজে যায় না। তাদের জন্য এই রুকইয়াহটি খুবই কার্যকর। প্রতিদিন মাগরিবের এই দুটি সূরা তেলাওয়াতে অব্যস্ত হলে আল্লাহ তা'য়ালা তার রিজিকের দরজা খুলে দিবেন ইনশাআল্লাহ।

শত্রুকে দমন করার রুকইয়াহ

কালবী (رحمه الله) বলেছেন: আমাকে এক বিশ্বাসযোগ্য ব্যক্তি জানিয়েছেন যে, একজন কাফির মুসলমানদের কোনো এক এলাকার দিকে অগ্রসর হচ্ছিল। সেখানে একজন নেক ব্যক্তি ছিলেন। তিনি তাকে এক মুঠো মাটি নিয়ে আসতে বললেন। এরপর তিনি কোরআনের নিম্নোক্ত আয়াতগুলো তেলাওয়াত করলেন:

وَ مَا رَمَيْتَ اِذْ رَمَيْتَ وَ لٰكِنَّ اللّٰهَ رَمٰى ۚ(সূরা আল-আনফাল, ১৭)

"اِذَا زُلْزِلَتِ الْاَرْضُ زِلْزَالَهَا ۙ﴿۱﴾ وَ اَخْرَجَتِ الْاَرْضُ اَثْقَالَهَا ۙ﴿۲﴾ وَ قَالَ الْاِنْسَانُ مَا لَهَا ۚ﴿۳﴾ يَوْمَئِذٍ تُحَدِّثُ اَخْبَارَهَا ۙ﴿۴﴾ بِاَنَّ رَبَّكَ اَوْحٰى لَهَا ؕ﴿۵﴾ يَوْمَئِذٍ يَّصْدُرُ النَّاسُ اَشْتَاتًا (সূরা ঝিলঝাল)

তারপর সেই ব্যক্তি আদেশ দিলেন, সেই মাটি তাদের (শত্রুদের) দিকে নিক্ষেপ করতে। যখন তা নিক্ষেপ করা হলো, তারা ভীতত্রস্ত হয়ে পড়ল এবং তাদের একত্রিত অবস্থা ভেঙ্গে গেল। ফলে তারা সেখান থেকে পরাজিত হয়ে ফিরে গেল। (খাওয়াস্সুল কুরআন ৯১)

যেভাবে রুকইয়াহ

উপরের আলোচনা দ্বারা স্পষ্ট হয়েছে যে, এই আয়াতগুলো পাঠ করে মাটির উপর ফুঁক দিয়ে তা শত্রুর বাড়িতে ছিয়ে দিলে শত্রু ধমে যাবে ইনশাআল্লাহ।

জিনের রোগীর জন্য আয়েশা (রা.) এর করা রুকইয়াহ

নাফি (রহ.) থেকে বর্ণিত, তিনি আবদুল্লাহ ইবনে উমর (রাঃ)-এর সূত্রে বলেন: একদিন আমি আয়েশা (রাঃ)-এর কাছে উপস্থিত ছিলাম। এ সময় এক শিশুকে নিয়ে আসা হলো, যে জিনের আক্রমণে আক্রান্ত ছিল। আয়েশা (রাঃ) তাকে কুরআনের একটি অংশ পাঠ করে ঝাড়ফুঁক করলেন, ফলে সে সুস্থ হয়ে গেলো। তখন আমি তাকে জিজ্ঞেস করলাম, "হে উম্মুল মুমিনিন! আপনি তার উপর কী পড়েছিলেন? তিনি উত্তর দিলেন, আমি তার উপর এই আয়াতগুলো পড়েছি।

يٰمَعْشَرَ الْجِنِّ وَ الْاِنْسِ اِنِ اسْتَطَعْتُمْ اَنْ تَنْفُذُوْا مِنْ اَقْطَارِ السَّمٰوٰتِ وَ الْاَرْضِ فَانْفُذُوْا ؕ لَا تَنْفُذُوْنَ اِلَّا بِسُلْطٰنٍ ﴿۳۳﴾

(সূরা আর রহমান ৩৩)

اٰللّٰهُ اَذِنَ لَكُمْ اَمْ عَلَى اللّٰهِ تَفْتَرُوْنَ ﴿۵۹﴾ (সূরা ইউনুছ ৫৯)

হারানো জিনিস বা পালিয়ে যাওয়া ব্যক্তিকে ফিরে পাওয়ার রুকইয়াহ

(১) ইবনে উমর (রাযি.) থেকে বর্ণিত আছে যে, নবী (ﷺ) বলেছেন: যদি কারো কোনো জিনিস হারিয়ে যায় বা পালিয়ে যায়, সে যেন ওজু করে দুই রাকাত নামাজ আদায় করে তাশাহহুদ পড়ে এই দোয়া করে:

بِسْمِ اللَّهِ، يَا هَادِيَ الضَّلَالِ وَرَادَّ الضَّالَّةِ، ارْدُدْ عَلَيَّ ضَالَّتِي بِعِزَّتِكَ وَسُلْطَانِكَ فَإِنَّهَا مِنْ عَطَائِكَ وَفَضْلِكَ.

বিসমিল্লাহি ইয়া হাদিয়াদ-দ্বালালি ওয়া রাদ্দাদ-দ্বাল্লাতি, উরদুদ আলাইয়া দ্বাল্লাতি বি ইজ্জাতিকা ওয়া সুলতানিকা ফা ইন্নাহা মিন আতায়িকা ওয়া ফাদলিক।

অর্থ: আল্লাহর নামে শুরু করছি, হে পথভ্রষ্টদের পথপ্রদর্শক এবং হারানো জিনিস ফেরত দানকারী, আপনার ইজ্জত ও শক্তির মাধ্যমে আমার হারানো জিনিসটি আমাকে ফেরত দিন। নিশ্চয় এটি আপনার দান ও অনুগ্রহ থেকে।

(২) তবরানীর বর্ণনায় রয়েছে:

اَللّٰهُمَّ رَادَّ الضَّالَّةِ، وَهَادِيَ الضَّلَالَةِ، أَنْتَ تَهْدِي مِنَ الضَّلَالَةِ، فَارْدُدْ عَلَيَّ ضَالَّتِي بِقُدْرَتِكَ وَسُلْطَانِكَ، فَإِنَّهَا مِنْ عَطَائِكَ وَفَضْلِكَ

আল্লাহুম্মা রাদ্দাদ-দ্বাল্লাতি, ওয়া হাদিয়াদ-দ্বোলালাতি, আন্তা তাহদি মিনাদ-দ্বোলালাতি, ফারদুদ আলাইয়া দ্বাল্লাতি বিকুদরাতিকা ওয়া সুলতানিকা, ফা-ইন্নাহা মিন আতাইক ওয়া ফাদলিকা।

অর্থ: হে আল্লাহ, হারানো জিনিসের ফেরতদাতা এবং পথভ্রষ্টের পথপ্রদর্শক, আপনি পথভ্রষ্টকে সঠিক পথে পরিচালিত করেন। আপনার কুদরত ও শক্তির মাধ্যমে আমার হারানো জিনিস আমাকে ফিরিয়ে দিন। নিশ্চয় এটি আপনার দান ও অনুগ্রহ থেকে। (সূত্র: তবরানী আল-কবীর (১২/৩৪০)

(৩) সালাফের এক জা'য়াত থেকে বর্ণিত হয়েছে যে তারা হারানো এবং নষ্ট হওয়া জিনিস খুঁজে পাওয়ার জন্য সুরা আদ-দুহা তিলাওয়াত করতেন। এরপর তারা হারানো এবং পালিয়ে যাওয়া জিনিস খুঁজে পেতেন।

কুরআন শরীফ মুখস্তশক্তি বৃদ্ধি করার রুকইয়াহ

সালাফের এক জা'য়াত থেকে বর্ণিত হয়েছে যে, যাদের কুরআন মুখস্ত করতে কষ্ট হয় বা ভুলে যায় তারা সূরা আলাম নাশরহ লিখে পানিতে ভিজিয়ে খাবে। তাহলে তাদের জন্য মুখস্ত করা সহজ হয়ে যাবে ইনশাআল্লাহ। (খাওয়াস্সুল কুরআন ৯২)

স্বপ্নদোষ বন্ধের রুকইয়াহ

একজন ব্যক্তি আমাকে বলেছিলেন, যাঁকে আমি নেক লোক বলে মনে করতাম। তিনি বললেন: আমি খুব বেশি স্বপ্নদোষে আক্রান্ত হতাম, এবং এর জন্য বারবার গোসল করা আমার জন্য কষ্টকর হয়ে দাঁড়িয়েছিল। আমি এই সমস্যাটি একজন নেক লোকের কাছে জানালে তিনি আমাকে বললেনঃ যখন তুমি তোমার বিছানায় যাও, তখন সূরা আত-তারিক-এর প্রথম থেকে এই আয়াত পর্যন্ত পাঠ করো। তাহলে এই সমস্যা তোমার থেকে দূর হয়ে যাবে।' আমি তা অনুসরণ করলাম এবং স্বপ্নদোষ বন্ধ হয়ে গেল।

وَ السَّمَآءِ وَ الطَّارِقِۙ﴿۱﴾ وَ مَاۤ اَدْرٰىكَ مَا الطَّارِقُۙ﴿۲﴾ النَّجْمُ الثَّاقِبُۙ﴿۳﴾ اِنْ كُلُّ نَفْسٍ لَّمَّا عَلَيْهَا حَافِظٌؕ﴿۴﴾ فَلْيَنْظُرِ الْاِنْسَانُ مِمَّ خُلِقَؕ﴿۵﴾ خُلِقَ مِنْ مَّآءٍ دَافِقٍۙ﴿۶﴾ يَّخْرُجُ مِنْۢ بَيْنِ الصُّلْبِ وَ التَّرَآئِبِؕ﴿۷﴾ اِنَّهٗ عَلٰى رَجْعِهٖ لَقَادِرٌؕ﴿۸﴾ يَوْمَ تُبْلَى السَّرَآئِرُۙ﴿۹﴾ فَمَا لَهٗ مِنْ قُوَّةٍ وَّ لَا نَاصِرٍؕ﴿۱۰﴾

যেভাবে রুকইয়াহ করবে

যদি রোগী নিজে পাঠ করতে পারে তাহলে তো সে প্রতিদিন রাতে পাঠ করে ঘুমাবে তাহলেই সমস্যা দূর হবে ইনশাআল্লাহ। আর যদি সে পাঠ করতে না পারে তাহলে রাকী রেকর্ড করে দিবে আর রোগী রাতে শুনে ঘুমাবে। আর পাঠ করে পানিতে ফুক দিয়ে দিবে সে তা দিনে দুই বার করে খেতে থাকবে, তাহলেও সমস্যা দূর হয়ে যাবে ইনশাআল্লাহ।

প্রস্রাবের সমস্যায় রুকইয়াহ

(১) কালবী (রহ.) বর্ণনা করেন: আসফাহান শহরের এক নেককার ব্যক্তি প্রস্রাবে জটিলতায় আক্রান্ত হন। তিনি বললেন, আমি কুরআনের মাধ্যমে আরোগ্য লাভ করি। এরপর তিনি একটি পত্রে নিম্নলিখিত আয়াতগুলো লিখে পানিতে ধুয়ে তা পান করেন। এতে তার প্রস্রাবে জটিলতা দূর হয় এবং পাথরও বের হয়ে যায়। (খাওয়াস্সুল কুরআন ৯৪)

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

وَبُسَّتِ الْجِبَالُ بَسًّا * فَكَانَتْ هَبَاءً مُّنبَثًّا * وَحُمِلَتِ الْأَرْضُ وَالْجِبَالُ فَدُكَّتَا دَكَّةً وَاحِدَةً"

(সূরা হাক্কাহ: ১৪-১৬)

(২) আবু দারদা (রা.) থেকে বর্ণিত একজন লোক তার কাছে এসে তার পিতার মুত্র আটকে যাওয়ার সমস্যা বা মুত্রথলীতে পাথর হওয়ার সমস্যার কথা জানিয়েছিলেন। ফলে তাকে একটি রুকইয়াহ শিখিয়ে দেন যা তিনি নবী করীম (সা.) থেকে শিখেছিলেন।

رَبَّنَا الَّذِي فِي السَّمَاءِ، تَقَدَّسَ اسْمُكَ، أَمْرُكَ فِي السَّمَاءِ وَالْأَرْضِ، كَمَا رَحْمَتُكَ فِي السَّمَاءِ فَاجْعَلْ رَحْمَتَكَ فِي الْأَرْضِ، وَقِفْ لَنَا حُوَيْنِيًّا وَخِطَابَتَنَا أَنتَ رَبُّ الطَّيِّبِينَ، فَأَنْزِلْ شِفَاءً مِّنْ شُغَالِكَ، وَرَحْمَةً مِّنْ رَحْمَتِكَ عَلَى هَذَا الْوَجَعِ .

হে আমাদের রব, যিনি আসমানে আছেন, আপনার নাম পবিত্র, আপনার আদেশ আসমান ও জমিনে প্রযোজ্য, যেমন আসমানে আপনার রহমত রয়েছে, তেমনই আমাদের জন্য পৃথিবীতে রহমত দিন, আমাদের পাপ ও ভুল ক্ষমা করুন, আপনি পবিত্র ব্যক্তিদের রব, তাদের জন্য আপনার শিফা এবং রহমত নাযিল করুন এই যন্ত্রণার উপর, এবং এটি সারিয়ে দিন।

তখন তাকে নির্দেশ দেওয়া হয় তার পিতাকে এই দোয়া দিয়ে রুকইয়াহ করার জন্য।

সূত্রঃ তুহফাতুল জাকিরিন (পৃষ্ঠা ৩০১)

যেভাবে রুকইয়াহ করবে

যদি রোগী নিজে পড়তে পারে তাহলে নিজে দিনে দুই বার করে পাঠ করবে এবং পানিতে ফুঁক দিয়ে তা পান করবে। যদি রোগী পাঠ করতে না পারে তাহলে রাকী রেকর্ড করে দিবে রোগী দুই বার করে শুনতে থাকবে এবং পানিতে ফুঁক দিয়ে তা দুই বার করে পান করতে থাকবে এভাবে কিছু দিন করলে সমস্যা দূর হবে ইনশাআল্লাহ।

বাচ্চাদের বদ নজর লাগলে রুকইয়াহ

(১) নাজদের অধিবাসী এক লোক ছিল যে, নিম্নের আয়াতগুলো পাঠ করে বাচ্চাদের বদ-নজর লাগলে রুকইয়াহ করতেন। (খাওয়াস্‌সুল কুরআন ৯৬)

وَ نُنَزِّلُ مِنَ الْقُرْاٰنِ مَا هُوَ شِفَآءٌ وَّ رَحْمَةٌ لِّلْمُؤْمِنِيْنَ (সূরা ইসরাইল ৮২)

قُلْ بِفَضْلِ اللّٰهِ وَ بِرَحْمَتِهٖ فَبِذٰلِكَ فَلْيَفْرَحُوْا ؕ (সূরা ইউনুস ৫৮)

(২) হযরত আলী (রাদিয়াল্লাহু আনহু) থেকে বর্ণিত, তিনি বলেন: যখন ফেরেশতা জিব্রাইল (আ.) নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)-এর কাছে এসে তাকে উদ্বিগ্ন দেখলেন, তিনি বললেন: হে মুহাম্মাদ, তোমার মুখাবয়বে এই উদ্বেগ কেন? নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন: হাসান ও হুসাইনকে বদ-নজর আক্রান্ত করেছে। জিব্রাইল (আ.) বললেন: বদ-নজর সত্যি, এটি সত্যি। আপনি কি তাদের এই শব্দগুলোর দ্বারা শিফা চাবেন না? নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) জিজ্ঞাসা করলেন: কী বলা হবে, হে জিব্রাইল? জিব্রাইল (আ.) বললেন: বলেন,

اَللَّهُمَّ ذَا السُّلطَانِ الْعَظِيمِ وَالْمَنِّ الْقَدِيمِ، ذَا الْوَجْهِ الْكَرِيمِ وَلِيَّ الْكَلِمَاتِ التَّامَّاتِ وَالدَّعَوَاتِ الْمُسْتَجَابَّاتِ.

উচ্চারণঃ

আল্লাহুম্মা যা সুলতানিল আযীম, ওয়াল-মানিল কাদীম, যাল-ওয়াজহিল কারীম, ওয়ালিয়া কালিমাতিত-তাম্মাতি ওয়া দুআওয়াতিল মুসতাহাব্বাত।

নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এই দোয়া পড়লেন, তারপর হাসান ও হুসাইন তাঁর সামনে খেলতে লাগলেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন: তোমরা নিজেদের, নিজেদের স্ত্রী ও সন্তানদের এই দোয়া দ্বারা আশ্রয় দাও, কারণ এর মতো আর কোনো দোয়া নেই যা এত উপকারী। এটি ইবনে কাসির তাঁর তাফসীরে (৪১১/৪) উল্লেখ করেছেন।

সূরা ইয়াসিন ভয় ও শত্রুর হাত থেকে নিরাপত্তার রুকইয়াহ

কলবি (রহ.) থেকে বর্ণিত হয়েছে, এক ব্যক্তি ভুলবশত একজনকে হত্যা করেছিল। নিহত ব্যক্তির ওয়ারিশ তাকে ইচ্ছাকৃত খুনের অভিযোগে অভিযুক্ত করত এবং প্রতিশোধ নিতে তাকে হত্যা করার জন্য খুঁজছিল। এক নেককার ব্যক্তি তাকে বললেন, যদি তুমি নিজের কথায় সত্যবাদী হও, তবে ঘর থেকে বের হওয়ার আগে সূরা ইয়াসিন পাঠ করো। তারপর বের হও, তোমার শত্রু তোমাকে দেখতে পাবে না।

এ কথাও বলা হয়েছে যে, সূরা ইয়াসিন সব ধরনের বিপদ থেকে নিরাপত্তা প্রদান করে। (খাওয়াস্সুল কুরআন ৯৭)

যেভাবে রুকইয়াহটি করবে

আপনি যদি কোন বিষয়ে ভয়ে থাকেন বা শত্রুর দ্বারা ক্ষতিগ্রস্ত হওয়ার ভয়ে থাকেন তাহলে আপনি যখনই বাড়ি থেকে বের হতে ইচ্ছা পোষণ করবেন। তখন সূরা ইয়াসিন পাঠ করে বাড়ি থেকে বের হবেন তাহলে শত্রুর ক্ষতি এবং ভয় থেকে নিরাপদ থাকবেন ইনশাআল্লাহ।

মানুষের যে কোন বিপদ ও দুঃখ লাঘব হয়ে যাবে

আবু বকর আস-সিদ্দীক (রাযি.) থেকে বর্ণিত, যখন তাঁর মৃত্যুর সময় ঘনিয়ে এল, তখন তিনি তাঁর মেয়ে আয়েশা (রাযি.)-এর কাছে একজন বার্তা পাঠিয়ে বললেন: হে আয়েশা! আমি তোমাকে খেজুরের কিছু ওসফা (ভাগ) দিয়েছিলাম। তবে আমি বুঝতে পেরেছি যে তুমি তা গ্রহণ করেছ। এখন এটি উত্তরাধিকারীদের সম্পদ। আর উত্তরাধিকারীরা হলেন তোমার ভাই এবং তোমার দুই বোন। (তখন তার স্ত্রী গর্ভবতী ছিলেন।)

আয়েশা (রাযি.) কাঁদতে শুরু করলেন। আবু বকর (রাযি.) তাকে জিজ্ঞাসা করলেন: তুমি কেন কাঁদছো? তিনি বললেন: আপনার বিচ্ছেদে কষ্ট পাচ্ছি।

তখন আবু বকর (রাযি.) বললেন: হে আয়েশা! আল্লাহর কিতাবের একটি আয়াত রয়েছে যা মানুষের ওপর আসা সমস্ড় বিপদ ও দুঃখ লাঘব করে দেয়। সেটি হলো:

'يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ حَقَّ تُقَاتِهِ وَلَا تَمُوتُنَّ إِلَّا وَأَنْتُمْ مُسْلِمُونَ'

(হে মুমিনগণ! তোমরা আল্লাহকে যথাযথভাবে ভয় কর এবং মুসলিম থাকা অবস্থায় ছাড়া মৃত্যু বরণ করো না।

তাই দুঃখ করো না, হে আয়েশা! আর কখনো রিজিকের জন্য শঙ্কিত হয়ো না। যে কেউ এই আয়াত পড়বে, তার জন্য সমস্ত বিপদ হালকা হয়ে যাবে।

সূরা নাস ও ফালাক দ্বারা নবীজি (সা.) যেভাবে রুকইয়াহ করতেন

আয়েশা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন: যখন রাসূলুল্লাহ ﷺ অসুস্থ হতেন, তিনি সূরা "কুল আউজু বিরাব্বিল ফালাক" এবং "কুল আউজু বিরাব্বিন নাস" তিলাওয়াত করতেন, তারপর নিজের হাতে ফুঁ দিতেন এবং ব্যথার স্থানে হাত বুলিয়ে দিতেন। এতে তিনি সুস্থ হয়ে যেতেন।

তবে যখন তার অসুস্থতা তীব্র হয়ে যায়, তখন আমি (আয়েশা) তার হাত ধরে ওই দুই সূরা তিলাওয়াত করতাম এবং তার শরীরে বুলিয়ে দিতাম, এই আশায় যে এ দুই সূরার বরকত তার উপর বর্ষিত হবে।

এরপর যখন আমি তার কপাল ঘামে ভিজে যেতে দেখি, তখন তাকে বলতে শুনি: আর-রফিকুল আ'লা" (অর্থাৎ, সর্বোচ্চ সঙ্গী)। তখন আমি বুঝে যাই তিনি মৃত্যুবরণ করেছেন। কারণ তিনি বলতেন: কোনো নবী মৃত্যুবরণ করেন না, যতক্ষণ না তাকে এই দুই বিষয়ের মধ্যে পছন্দ করার সুযোগ দেওয়া হয়: দুনিয়ার জীবনের সৌন্দর্য এবং যা আল্লাহর নিকট রয়েছে। আর তিনি সর্বদা আল্লাহর সান্নিধ্যকেই পছন্দ করতেন। (বর্ণনা: সহীহ বুখারী ও সহীহ মুসলিম)

যেভাবে রুকইয়াহ করবেন

যে ধরনের রোগীই আপনার কাছে আসুক আমার মনে হয় তাকে এই রুকইয়াহটি সর্বপ্রথম করা দরকার তাহলে এই রুকইয়াহ এর বরকতে আপনার রোগী দ্রুত সুস্থ হয়ে যাবেন ইনশাআল্লাহ।

জিনের রোগী হোক বা যাদুর বা যে কোন রোগী হোক যে স্থানে সমস্যা সে স্থানে হাত রেখে সুরা ফালাক ও নাস তিন বার করে পাঠ করে ফুঁক দিবেন। যদি জিনের রোগী হয় তাহলে তার মাথার উপর হাত রেখে রুকইয়াহ করবেন। রোগী মহিলা হলে মহিলাকেই তার সমস্যার স্থানে হাত রাখতে বলবেন আর আপনি সূরা দুটি তিন বার করে পাঠ করে ফুঁক দিবেন। ইনশাআল্লাহ সমস্যা অতিদ্রুত সমাধান হয়ে যাবে।

সূরা দুটি এই

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
قُلْ اَعُوْذُ بِرَبِّ الْفَلَقِۙ﴿۱﴾ مِنْ شَرِّ مَا خَلَقَۙ﴿۲﴾ وَ مِنْ شَرِّ غَاسِقٍ اِذَا وَقَبَۙ﴿۳﴾ وَ مِنْ شَرِّ النَّفّٰثٰتِ فِی الْعُقَدِۙ﴿۴﴾ وَ مِنْ شَرِّ حَاسِدٍ اِذَا حَسَدَ﴿۵﴾ (তিন বার)

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
قُلْ اَعُوْذُ بِرَبِّ النَّاسِۙ﴿۱﴾ مَلِكِ النَّاسِۙ﴿۲﴾ اِلٰهِ النَّاسِۙ﴿۳﴾ مِنْ شَرِّ الْوَسْوَاسِۙ الْخَنَّاسِۙ﴿۴﴾ الَّذِیْ یُوَسْوِسُ فِیْ صُدُوْرِ النَّاسِۙ﴿۵﴾ مِنَ الْجِنَّةِ وَ النَّاسِ﴿۶﴾ (তিন বার)

এই তিনটি সূরার বিষয়ে অনেক হাদিস পাওয়া যায়

তার মধ্য থেকে দুটি উল্লেখ করা হলো

(১) হযরত আবদুল্লাহ ইবনে খুবাইব আল-আসলামী (রা.) থেকে বর্ণিত: রাসূলুল্লাহ ﷺ তাঁকে বললেন, কুল হুয়াল্লাহু আহাদ এবং সূরা ফালাক ও সূরা নাস সন্ধ্যা ও সকালে তিনবার করে পড়বে। এটা তোমাকে সবকিছু থেকে সুরক্ষা দেবে।

(বর্ণনা করেছেন আহমদ ৫/৩১২, আবু দাউদ ৫০৮২, তিরমিজি ৩৫৭৫, নাসাঈ ৮/২৫০-২১৫,

(২) হযরত উক্ববাহ ইবনে আমের (রা.) থেকে বর্ণিত: রাসূলুল্লাহ ﷺ তাঁকে বললেন, হে উক্ববাহ! আমি কি তোমাকে কুরআনের শ্রেষ্ঠ দুটি সূরা শিখাবো না? তিনি বলেন, 'কুল আউজু বিরাব্বিল ফালাক এবং কুল আউজু বিরাব্বিন্নাস। হে উক্ববাহ! যখনই তুমি ঘুমাবে এবং জাগবে তখন এগুলো পড়বে। কারণ এগুলোর মত আর কিছু নেই, যেগুলো দিয়ে কেউ কিছু চাইতে পারে বা সুরক্ষা প্রার্থনা করতে পারে। (সহীহ মুসলিম ৮১৪, আহমদ ৪/১৪৪, ১৪৮, ১৫০, ১৫২, ১৫৩)।

চিন্তা -দুঃখ ডিপ্রেশন দূর করার রুকইয়াহ

যে ব্যক্তি সকাল-সন্ধা সূরা ফাতেহা ও নিম্নের দুআ পাঠ করবে তার চিন্তা দুঃখ ডিপ্রেশন দূর হয়ে যাবে ইনশাআল্লাহ। আর পড়তে না পারলে রেকর্ড করে শুনলেও উপকার পাওয়া যাবে।

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَۙ﴿۱﴾ الرَّحْمٰنِ الرَّحِيْمِۙ﴿۲﴾ مٰلِكِ يَوْمِ الدِّيْنِؕ﴿۳﴾ اِيَّاكَ نَعْبُدُ وَ اِيَّاكَ نَسْتَعِيْنُؕ﴿۴﴾ اِهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيْمَۙ﴿۵﴾ صِرَاطَ الَّذِيْنَ اَنْعَمْتَ عَلَيْهِمْۙ غَيْرِ الْمَغْضُوْبِ عَلَيْهِمْ وَ لَا الضَّآلِّيْنَ﴿۷﴾

اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ حَمْدًا كَثِيْرًا طَيِّبًا مُبَارَكًا فِيْهِ

এই রুকইয়াহটি রোগী এবং রাকী সকলের জন্য

ফজর ও মাগরীবের পর পড়া অতি জরুরী

তালক ইবনে হাবিব (রহ.) হতে বর্ণিত, তিনি বলেন: এক ব্যক্তি আবু দারদা (রাঃ)-এর কাছে এসে বললেন, হে আবু দারদা! আপনার বাড়ি পুড়ে গেছে। তিনি বললেন, পুড়ে যায়নি। কেননা আমি রাসুলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)-এর কাছ থেকে এমন কিছু কথা শিখেছি, যা প্রথম প্রহরে (সকালবেলা) বললে সন্ধ্যা পর্যন্ত কোনো বিপদ আসবে না এবং সন্ধ্যাবেলা বললে সকাল পর্যন্ত কোনো বিপদ আসবে না। তিনি যে দুআটি উল্লেখ করেছিলেন তা হলো:

اللَّهُمَّ أنتَ رَبي، لا إلهَ إلاَّ أَنْتَ عَلَيْكَ تَوَكَّلْتُ وأنْتَ رَبُّ العَرْشِ العَظِيمِ، ما شاءَ اللَّهُ كانَ، وَمَا لَمْ يَشأْ لَمْ يَكُنْ، لا حَوْلَ وَلا قُوَّةَ إلاَّ باللَّهِ العَلِيّ العَظِيمِ، أعْلَمُ أنَّ اللَّهَ على كُلّ شَيْءٍ قَدِيرٌ، وأنَّ اللَّهَ قَدْ أحَاطَ بِكُلّ شَيْءٍ عِلْماً، اللَّهُمَّ إني أعُوذُ بِكَ مِنْ شَرّ نَفْسِي، وَمِنْ شَرّ كُلّ دَابَّةٍ أنْتَ آخِذٌ بِناصِيَتها، إنَّ رَبّي على صِرَاطٍ مُسْتَقِيمٍ

অর্থঃ হে আল্লাহ! তুমি আমার প্রভু, তুমি ছাড়া আর কোনো ইলাহ নেই। আমি তোমারই উপর নির্ভর করেছি, এবং তুমি মহা আরশের অধিপতি। যা তুমি ইচ্ছা করো তা-ই হয়, এবং যা তুমি ইচ্ছা না করো তা হয় না। আল্লাহ ছাড়া কোনো শক্তি বা ক্ষমতা নেই, তিনিই মহান ও সর্বশক্তিমান। আমি জানি যে আল্লাহ সবকিছুর উপর ক্ষমতাবান এবং তিনি সবকিছু জ্ঞান দ্বারা

পরিবেষ্টিত। হে আল্লাহ! আমি আপনার কাছে আশ্রয় চাই আমার নিজস্ব মন্দ থেকে এবং প্রত্যেক প্রাণীর মন্দ থেকে, যার লাগাম তুমি ধরে আছো। নিশ্চয়ই আমার প্রভু সরল পথে আছেন।

এই দুআ সকাল বা সন্ধ্যায় পড়লে আল্লাহ তা'য়ালার ইচ্ছায় এই ব্যক্তি সব বিপদ থেকে রক্ষা পাবে। (আল আজকারুন নববী ৯৭)

এই রুকাইয়াহটি রাকী প্রতি রোগীকে সকাল সন্ধা পড়তে বলবে। রোগী পড়তে না পারলে তাকে রেকর্ড করে দিবে সে সকাল সন্ধ্যা শুনবে।

এই বইটি লিখতে যে বইগুলো ফলো করা হয়েছে

(১) فتح الحق المبين

(২) لطف اللطيف

(৩) اَلصَّارِمُ الْبَتَّارُ فِيْ التَّصَدِّيْ لِلسَّحَرَةِ الْاَشْرَارِ

(৪) خواص القران للغزالي

(৫) الطب النبي

(৬) اكام المرجان في احكام الجان

(৭) احكام القران لابن العربي المالكي

(৮) العلاج الرباني للسحر والمس الشيطاني

(৯) لقط المرجان في احكام اجان

(১০) الكلم الطيب

(১১) الحذر من السحر

(১২) الرقية الشرعية. الجوراني

(১৩) الرقية الشرعية لابطال العين و السحر والتلبس واعلاج الامراض الحسية

(১৪) الطب النبوي ابن القيوم رحمه الله

(১৫) الاحكام الفقهية في الرقية الشرعية محمد بن صالح الجزاع

(১৬) الفتاوى الذهبية في الرقية الشرعية

(১৭) الأذكار النووية للإمام النووي

(১৮) বেহেস্তী জেওর

(১৯) আ'মালিয়াতে কাশমিরী

(২০) আসান আ'ময়িাত ও তাবিজাত

(২১) আদি ও আসল তাবিজের কিতাব

যারা অভিজ্ঞতার আলোকে রুকইয়াহ শিখতে চান

যারা অভিজ্ঞতার আলোকে রুকইয়াহ শিখতে চান তারা আমার ইফটিউব চ্যানেল তদবীর জগৎ ফলো করতে পারেন এই চ্যানেলে সব বিষয়গুলো খুলে খুলে বর্ণনা করা হয়েছে।

আর যারা হাতে কলমে শিখতে চান তারা আমার রুকইয়াহ ও তদবীর শিক্ষা কোর্সে অংশগ্রহণ করতে পারেন। এই কোর্সটি প্রতি বছরে ছয় বার হয়।

জানুয়ারীমাসের এক তারিখ থেকে ভর্তি শুরু হয়, ১৫ তারিখ ক্লাস শুরু হয়। এভাবে মার্চ মাসে, মে মাসে, জুলাই মাসে, সেপ্টেম্বর মাসে, নভেম্বর মাসে অনুষ্ঠিত হয়।

যারা আমার এই কোর্সে অংশগ্রহণ করতে আগ্রহী তারা নিম্নের নাম্বারে যোগাযোগ করতে পারেন।

০১৭৩৮-৪৫৬৮০৭

এই বইটি লেখা শেষ হয়েছে

১৮/০১/২০২৫ ইংরেজি রোজ শনিবার সময় ২.২৪ PM

সমাপ্ত